**THE WEST BENGAL COUNCIL OF RABINDRA OPEN SCHOOLING**

**UCHCHA MADHYAMIK PARIKSHA, 2023**

# পশ্চিমবঙ্গ রবীন্দ্র মুক্ত বিদ্যালয় সংসদ

## উচ্চমাধ্যমিক পরীক্ষা, ২০২৩

বাংলা
(নূতন পাঠক্রম)

**Bengali**
**(New Syllabus)**

**সময় ঃ ৩ ঘণ্টা ১৫ মিনিট** | **পূর্ণমান ঃ ৮০**

**Time : 3 Hours 15 Minutes** | **Full Marks : 80**

## পরীক্ষার্থীদের প্রতি সাধারণ নির্দেশ
## (General Instructions for the Examinees)

সকল পরীক্ষার্থীকে নিজের নাম, ক্রমিক নম্বর ও নিবন্ধন নম্বর উত্তরপত্রে লিখতে হবে।
Candidates should write their Name, Roll No. and Registration No. in their respective answer scripts.

পরীক্ষার সময়ের প্রথম ১৫ মিনিট প্রশ্ন পড়ার জন্য।
প্রশ্নের উত্তর যথাযথ হওয়া দরকার।
First 15 Minutes are allotted for reading the question paper.
Answers should be in brief and to the point.

প্রতিটি উত্তরের প্রশ্নসংখ্যা খাতায় সঠিকভাবে লিখতে হবে।
Write correct question no. against each answer.

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে।
বানান ভুল, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কাটা যাবে।
প্রান্তিক সংখ্যাগুলি প্রতিটি প্রশ্নের পূর্ণমান নির্দেশ করছে।
Special credit will be given for answers which are brief and to the point.
Marks will be deducted for spelling mistakes, untidiness and bad handwriting.
In the right side the marks of questions are given.

## বিভাগ-‘ক’

১। *যেকোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) ‘‘সকল শাস্ত্র খুঁজে পাবে, সখা’’— কবি কোথায়, কীভাবে ‘সকল শাস্ত্র’ খুঁজে পাবার কথা বলেছেন?

(খ) ‘‘ঐখানেতে হৃদয় আমার গেছে চুরি’’—কবি কোথায় তাঁর হৃদয় চুরি যাওয়ার কথা বলেছেন, বুঝিয়ে লেখো।

(গ) ‘‘নবজাতকের কাছে এ আমার দৃঢ় অঙ্গীকার’’— ‘নবজাতকের কাছে’ কবির দৃঢ় অঙ্গীকার কীভাবে ব্যক্ত হয়েছে?

২। *যেকোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) ‘আরণ্যক’ উপন্যাস অংশে ভানুমতী চরিত্রটি সম্পর্কে আলোকপাত করো।

(খ) ‘‘নিরুপমার পক্ষে তাহার শ্বশুরবাড়ি শরশয্যা হইয়া উঠিল’’— নিরুপমা কে? তার পক্ষে শ্বশুরবাড়ি শরশয্যা হয়ে উঠেছিল কেন? ১+৪

(গ) ‘‘যারা নিজেদের রক্ষা করতে পারে না, দেবতা তাদের সহায়তা করেন না’’ — প্রাবন্ধিকের এই বক্তব্যের তাৎপর্য বিচার করো।

৩। *যেকোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৬×১=৬

(ক) ‘ডাকঘর’ নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।

(খ) ‘অন্ন চাই, প্রাণ চাই’ — নাট্যাংশটি কোন নাটক থেকে নেওয়া হয়েছে? লেখকের নাম কী? এই নাটকের দৃশ্যে দুর্ভিক্ষের ভয়াবহ প্রেক্ষাপটে অন্নের জন্য হাহাকার কীভাবে ফুটে উঠেছে লেখো।

৪। *যেকোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৪×২=৮

(ক) চর্যাপদের তৎকালীন সমাজচিত্রের পরিচয় দাও।

(খ) চণ্ডিমঙ্গল কাব্য রচনায় কবি মুকুন্দরাম চক্রবর্তীর কাব্যপ্রতিভার পরিচয় দাও।

(গ) ‘শ্রীরাম পাঁচালী’ কবি কে? শ্রীরাম পাঁচালী গ্রন্থের সাহিত্যমূল্য বিচার করো। ১+৩

(ঘ) বাংলা নাটকে মধুসূদন দত্তের অবদান আলোচনা করো।

(ঙ) রবীন্দ্রোত্তর পর্বের কবি জীবনানন্দ দাসের কাব্যপ্রতিভার পরিচয় দাও।

(চ) বাংলা উপন্যাসসাহিত্যে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের অবদান আলোচনা করো।

৫। *যেকোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৪×১=৪

(ক) বাংলা লিপির উদ্ভব ও বিকাশ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১+৩=৪

(ক) ভারতের ভাষা-পরিবারে ভোটচিনীয় ভাষা-বংশের পরিচয় দাও।

৬। *যেকোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৪×২=৮

(ক) উদাহরণসহ সংজ্ঞা দাও (*যেকোনো দুটি*) ঃ ২+২=৪

সমীভবন, শ্রুতি ধ্বনি, স্বরভক্তি, অপিনিহিতি

(খ) রূপমূল কাকে বলে? রূপমূলের শ্রেণিবিভাগ করো। ২+২=৪

(গ) গঠন অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ করে প্রত্যেক প্রকারের উদাহরণ দাও।

(ঘ) শব্দার্থের উৎকর্ষ ও অপকর্ষের সংজ্ঞা-সহ উদাহরণ দাও। ২+২=৪

৭। প্রদত্ত সূত্র অনুসরণে *যেকোনো একটি* বিষয়ে অবলম্বনে অনধিক ৩০০ শব্দে প্রবন্ধ লেখো ঃ ১০

(ক) পরিবেশ দূষণ ও তার প্রতিকার

পরিবেশ কাকে বলে— কীভাবে পরিবেশ দূষিত হয়— দূষণ সাধারণত ক'ত রকমের হতে পারে— দূষণ কী প্রকারে রোধ করা সম্ভব— উপসংহার

(খ) বাংলার ঋতু বৈচিত্র্য

বাংলার প্রকৃতিতে ক'টি ঋতু পর্যায়ক্রমে আসে— গ্রীষ্মের রূদ্ররূপ— বর্ষার শ্যামল-সজল সৌন্দর্য— শরতের সৌন্দর্য ও বৈশিষ্ট্য— ধূসর হেমন্ত— শীতের সুখ-দুঃখ— ঋতুরাজ বসন্ত— উপসংহার

(গ) জীবনানন্দ দাশ ঃ

(অ) জীবনানন্দ দাশ

জন্ম ঃ— ১৮৯৯ খ্রিঃ, ১৭ ফ্রেব্রুয়ারি, বরিশাল জেলাশহর।

পিতা ঃ— সত্যানন্দ দাশ

মাতা ঃ— কুসুমকুমারী দাশ

বাল্যশিক্ষা ঃ— বরিশালের ব্রজমোহন বিদ্যালয়

উচ্চশিক্ষা ঃ— ব্রজমোহন কলেজ, কলকাতার প্রেসিডেন্সি কলেজ পরে কলকাতা বিশ্ববিদ্যালয়

কর্মজীবন ঃ— সি.টি.কলেজ, বাগেরহাট কলেজ, রামযশ কলেজ, ব্রজমোহন কলেজ, খড়্গপুর কলেজ, বরিষা কলেজ, হাওড়া গার্লস কলেজে অধ্যাপনা

প্রথম কবিতা ঃ— ১৩২৬ বঙ্গাব্দে ব্রহ্মবাদী প্রত্রিকায়

প্রথম কাব্যগ্রন্থ ঃ— ১৯২৭ খ্রিঃ 'ঝরাপালক'

অন্যান্য কাব্যগ্রন্থ ঃ— 'ধূসর পাণ্ডুলিপি', 'বনলতা সেন', 'মহাপৃথিবী', 'সাতটি তারার তিমির' 'রূপসী বাংলা' ইত্যাদি

কবিতার বৈশিষ্ট্য ঃ— চিত্ররূপময়তা এবং নাগরিক মানুষের পালটে যাওয়া জীবনবোধের প্রকাশ

রচিত উপন্যাস ঃ— 'জলপাইহাটি', 'মাল্যবান', 'সুতীর্থ কারুবাসনা' ইত্যাদি

মৃত্যু ঃ— ১৯৫৪ খ্রিঃ ২২ অক্টোবর, ট্রাম দুর্ঘটনা, শম্ভুনাথ পণ্ডিত হাসপাতালে মৃত্যু।

(আ) কাজী নজরুল ইসলাম

জন্ম ঃ— ১৮৯৯, ২৪ মে, বর্ধমান জেলার আসানসোল মহকুমার চুরুলিয়া গ্রামে

পিতা-মাতা ঃ— কাজী ফকির আহমেদ, জাহেদা খাতুন

শিক্ষা ঃ— গ্রামের মক্তব, বর্ধমান হাইস্কুল, ময়মনসিংহের দরিয়ারামপুর হাইস্কুল, সিয়ারসোল হাইস্কুল

কর্মজীবন ঃ— সৈনিকের বৃত্তিগ্রহণ, করাচি যাত্রা, গৃহে প্রত্যাবর্তন, গ্রেফতার বরণ, সাহিত্য-কর্মে অংশগ্রহণ

সাহিত্যজীবন ঃ— বাউণ্ডুলের আত্মকাহিনী

প্রথম কবিতা ঃ— মুক্তি

প্রথম প্রবন্ধ ঃ— তুর্কি মহিলার ঘোমটা খোলা

প্রথম কাব্যগ্রন্থ ঃ— যুগবাণী। এ ছাড়া — গল্প, কবিতা, সংগীত, উপন্যাস প্রভৃতি লেখেন

উল্লেখযোগ্য দিক ঃ— কবিতা লিখে শ্রেষ্ঠত্বের শিরোপা অর্জন, সমালোচনার শিকার হওয়া, সাম্যবাদে আস্থা, অত্যাচারীর বিপক্ষে উচ্চস্বর, সংগ্রামী চেতনা প্রভৃতি

সাংসারিক দিক ঃ— ১৯২৪ প্রমীলা সেনগুপ্তের সঙ্গে বিবাহ, ১৯২৬ বুলবুলের জন্ম, ১৯৩৯ থেকে প্রমীলা সেনগুপ্ত অসুস্থ, ১৯৬২ কবিপত্নীর দেহান্তর।

শেষজীবন ঃ— ১৯৭২ সালে অসুস্থ কবিকে বাংলাদেশ সরকার ঢাকায় নিয়ে যান

মৃত্যু ঃ— ১৯৭৬ দেহান্তর।

## বিভাগ-'খ'

(i) নীচের প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো ঃ ১×১২=১২

১। যুগল প্রসাদ রান্না করেছিল—

(ক) মুরগির মাংস (খ) ভেড়ার মাংস

(গ) পাখির মাংস (ঘ) পাঁঠার মাংস

২। নিরুপমার স্বামী যে পেশায় যুক্ত ছিলেন—

(ক) ডাক্তার (খ) উকিল

(গ) পুলিশ (ঘ) ডেপুটি ম্যাজিস্ট্রেট

৩। জঙ্গল হল মুন্ডার কাছে—

(ক) দেবতা (খ) মা

(গ) আশ্রয়দাত্রী (ঘ) আহারদাত্রী

৪। ''যতদিন বাঁচি, ততদিন শিখি।''—উক্তিটি কার?

(ক) শ্রীচৈতন্য (খ) রামকৃষ্ণ

(গ) গুরুনানক (ঘ) বুদ্ধদেব

৫। ত্রিপিটক কোন ধর্মের গ্রন্থ?

(ক) জৈন (খ) বৌদ্ধ

(গ) শিখ (ঘ) ইসলাম

৬। ''কুয়াশার বুকে ভেসে একদিন আসিব।''—কবি কোথায় আসতে চেয়েছেন?

(ক) আম ছায়ায় (খ) কাঁঠাল ছায়ায়

(গ) তরু ছায়ায় (ঘ) হিজল ছায়ায়

৭। ''এ চিঠিতে কী লেখা আছে।''—কাকে এ কথা বলা হয়েছে?

(ক) ঠাকুরদাকে (খ) মাধব দত্তকে

(গ) মোড়লকে (ঘ) অমলকে

৮। 'সধবার একাদশী' নাটকের লেখক—

(ক) মধুসূদন দত্ত (খ) দীনবন্ধু মিত্র

(গ) গিরিশ ঘোষ (ঘ) নবীন চন্দ্র সেন

৯। 'উলঙ্গরাজা' কাব্যগ্রন্থের কবি—

(ক) সুভাষ মুখোপাধ্যায় (খ) জীবনানন্দ দাশ

(গ) নীরেন্দ্রনাথ চক্রবর্তী (ঘ) শামসুর রহমান

১০। 'সাঁওতালি' ভাষার প্রচলন আছে —

(ক) ওড়িশা ও অন্ধ্রপ্রদেশে (খ) বিহার, পশ্চিমবঙ্গ ও ওড়িশায়

(গ) গুজরাট ও মহারাষ্ট্রে (ঘ) উত্তরপ্রদেশ ও পাঞ্জাবে

১১। 'মন্দির'-এর সমার্থক শব্দ হল—

(ক) দেবগৃহ (খ) গৃহ

(গ) যতুগৃহ (ঘ) গর্ভগৃহ

১২। চন্দ্র > চাঁদ হল—

(ক) নাসিক্যভবন (খ) স্বরসংগতি

(গ) স্বরলোপ (ঘ) বিষমীভবন

(ii) নীচের *যেকোনো ছয়টি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৬=১২

১। "রায়বাহাদুরের মহিষী লিখিলেন," — তিনি কী লিখেছিলেন?

২। "পৃথিবীর মধ্যে এমন আর নেই।" — কোন জায়গার কথা বলা হয়েছে?

৩। "উহারা আর আমাদের নহে।" — এখানে কাদের কথা বলা হয়েছে?

৪। "সারাদিন কেটে যাবে।" — কীভাবে সারাদিন কেটে যাবে?

৫। ‘ছেলেটা’ কবিতায় কুকুরটির দেহান্তর কীভাবে ঘটেছিল?

৬। কৃৎ-প্রত্যয় কাকে বলে উদাহরণ দাও।

৭। ‘শব্দার্থের সংকোচ ’-এর সংজ্ঞা-সহ উদাহরণ দাও।

৮। আদি স্বরলোপ কাকে বলে? উদাহরণ দাও।